# 'Befriender BD ' এর বিধিমালা
# ১ম সংস্করণ (১৬.০২.২০২২)

## ১)
## সংস্থার বৈশিষ্ট্য ও কার্যাবলিঃ

১.১
একটি সম্পূর্ণ অলাভজনক দাতব্য সংস্থা।
১.২
সাহায্যপ্রার্থীদের আর্থিকভাবে সাহায্য করাই মূল উদ্দেশ্য।
১.৩
সম্পূর্ণ অসাম্প্রদায়িক ও রাজনৈতিকভাবে নিরপেক্ষ একটি সংস্থা।

## ২)
## সদস্যের ক্ষেত্রেঃ

২.১

অনলাইনে ফরম সাবমিট করার মাধ্যমে সদস্যপদের জন্য আবেদন করতে হবে। আবেদন লিংক নিম্নেঃ
**https://forms.gle/SrFkMnjyGXThaQyX9**

বি দ্রঃ ফরম পূরণ করে টাকা প্রদান না করলে সংস্থার সদস্য বলে গণ্য হবে না ।

২.২

প্রতিমাসে প্রত্যেক সদস্যকে সর্বনিম্ন পঞ্চাশ (৫০) টাকা করে ডোনেট করতে হবে।

(কেও চাইলে সাধ্য মত ৫০ টাকা এর বেশি ও দিতে পারবে )

২.৩

প্রতিমাসের মাসের ডোনেশন মাসের ২০ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

২.৪

পর পর ৩ মাস কোন সদস্যের ডোনেশন বাকি থাকলে তার সদস্যপদ বাতিল করা হবে।

ক) বকেয়া পরিশোধে বিলম্বের জন্য কারো সদস্যপদ সাময়িক ভাবে বাতিল হলে নোটিশের সাতদিনের মধ্যে সম্পূর্ণ বকেয়া একসাথে পরিশোধ করে সদস্যপদ চালু করতে হবে। অন্যথায় স্থায়ীভাবে বাতিল করা হবে

খ) কারো সদস্যপদ স্থায়ীভাবে বাতিল হলে সম্পূর্ণ বকেয়াসহ অতিরিক্ত ৫০ টাকা দিয়ে সদস্যপদ চালু করতে হবে।

২.৫
কোন সদস্য তার সদস্যপদ বাতিল করতে চাইলে যে কোন সময়ই তা করতে পারবে।

(যেহেতু এটি একটি দাতা সংস্থা তাই ডোনেশনের সকল টাকা অফেরতযোগ্য)

২.৬
সংস্থার এক সদস্যকে অপর কোন সদস্য ব্যক্তিগত ভাবে আক্রমণ, হেয় প্রতিপন্ন করা বা কোন ভাবে হয়রানি করতে পারবে না। যদি কেউ করে তাহলে সরাসরি দায়িত্বপ্রাপ্তদের জানাতে হবে। সাংঠনিক সকল নিয়ম সব সদস্যকে কঠোরভাবে মেনে চলতে হবে। সংস্থার কোন নিয়ম ভঙ্গ করলে তার সদস্যপদ বাতিল করা হবে।

২.৭
মাঠপর্যায়ে সংস্থার কার্যক্রম চলাকালীন সময়ে সকল সদস্যকে উক্ত কার্যক্রমের জন্য সভাপতির অনুগত থাকতে হবে। সভাপতির মতামতের বাহিরে গিয়ে কোন রকম বিশৃঙ্খলা করা যাবে না। যদি কেউ বিশৃঙ্খলা করে তাহলে সাংগঠানিক শৃঙ্খলাভঙ্গকরার দায়ে তার সদস্যপদ বাতিল (২.৪ক/খ) করা হবে।

## ৩)
## সিদ্ধান্ত গ্রহণ ও সাহায্য প্রদানঃ

৩.১
অধিকাংশের মতের ভিত্তিতে সকল সিদ্ধান্ত গৃহীত হবে।
৩.৩
সকল বিষয় বা সাহায্যের ক্ষেত্রে ম্যাসেঞ্জার গ্রুপে ভোটের মাধ্যমে সাহায্যের সিদ্ধান্ত ও সাহায্যের পরিমান নির্ধারিত হবে।
৩.৪
সাহায্যপ্রার্থীকে সরাসরি সাহায্যকরার সময় সাহায্যপ্রার্থীর অনুমতি সাপেক্ষে ছবি তোলা যাবে কেননা আমাদের সাহায্য লোক দেখানোর জন্য নয় শুধুমাত্র অন্যকে আমাদের কাজে সাহায্য ও উৎসাহ প্রদান করাই লক্ষ্য।

## ৪) গোপনীয়তা

৪.১
সংস্থার সকল সদস্যদের তথ্য সংস্থার নিকট আমানত। বিনা প্রয়োজনে এবং অনুমতি ব্যতীত কোন ক্রমেই কোন সদস্যের ব্যক্তিগত তথ্য কারো কাছে দেয়া যাবে না। এ নিয়ম অমান্যকারীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

৪.২
**'Befriender BD'** ম্যাসেঞ্জার গ্রুপে শুধু সংস্থার সক্রিয় সদস্যগণ যুক্ত হতে পারবে। বাহিরের কেউ এ গ্রুপে থাকতে পারবে না। সংস্থার অভ্যন্তরীণ বিষয় নিয়ে বাহিরের কারো সাথে আলোচনা করা করা যাবে না।

উপরোক্ত বিধিনিষেধ মোতাবেক সংস্থার সকল কার্যক্রম পরিচালিত হবে।

এটি **'Befriender BD'** এর একটি পরিবর্তনশীল বিধিমালা। সময়ের সঙ্গে প্রয়োজন মোতাবেক এর প্রত্যক্ষ হস্তক্ষেপের মাধ্যমে সকল সদস্যদের মতামতের ভিত্তিতে এতে নতুন ধারা সংযোজন ও বিয়োজন করা হবে।